গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

০৭ পৌষ, ১৪২৮
তারিখ: -------------------
২২ ডিসেম্বর, ২০২১

নম্বর-১৮.০০.০০০০.০১৬.১১.০০৪.২০২০-৬১০

## নিয়োগ বিজ্ঞপ্তি

নৌপরিবহন মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অন-লাইনে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল ও গ্রেড নং | পদের সংখ্যা | বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | জেলার প্রাপ্যতা |
|---|---|---|---|---|---|
| ১. | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ১১,০০০/- ২৬,৫৯০/- (১৩তম গ্রেড) | ০৩ (তিন) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-৪৫ শব্দ, ইংরেজি-৭০ শব্দ থাকতে হবে;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ, ইংরেজি-৩০ শব্দ থাকতে হবে;<br>(ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; | খুলনা, কিশোরগঞ্জ, চাঁদপুর, ভোলা, মাদারীপুর,দিনাজপুর, নেত্রকোনা, রংপুর, গোপালগঞ্জ, সিরাজগঞ্জ, বরিশাল, বগুড়া, ফরিদপুর, লক্ষ্মীপুর, যশোর, পটুয়াখালী, শেরপুর, কুড়িগ্রাম, গাজীপুর, রাজশাহী, গাইবান্ধা, সুনামগঞ্জ, মানিকগঞ্জ, বাগেরহাট, মাগুরা এবং ঝালকাঠি জেলা ব্যতীত সকল জেলা।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | কম্পিউটার অপারেটর | ১১,০০০/- ২৬,৫৯০/- (১৩তম গ্রেড) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষর-এ প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ ও ইংরেজি-৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে; | |
| ০৩. | ক্যাশিয়ার | ১০,২০০- ২৪,৬৮০/- (১৪তম গ্রেড) | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী;<br>(খ)কম্পিউটারে Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৪. | ক্যাশ সরকার | ৯০০০/- ২১,৮০০/- (১৭তম গ্রেড) | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(খ) কম্পিউটার Word Processing সহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | নারায়ণগঞ্জ, চাঁদপুর, নরসিংদী, নোয়াখালী, কুমিল্লা, মেহেরপুর, ভোলা, মাদারীপুর, সাতক্ষীরা, গাজীপুর, খুলনা, নওগাঁ, লালমনিরহাট, গোপালগঞ্জ, পিরোজপুর, রাজশাহী, কুষ্টিয়া, সিরাজগঞ্জ, ফরিদপুর, সিলেট, পটুয়াখালী, শেরপুর, বগুড়া এবং চুয়াডাঙ্গা জেলা ব্যতীত সকল জেলা।<br><br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০৫. | অফিস সহায়ক | ৮,২৫০- ২০,০১০/- (২০তম গ্রেড) | ০৯ (নয়) টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | |

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:-

| | |
|---|---|
| ১. | প্রার্থীর বয়স ২৫-০৩-২০২০ তারিখে ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২(বত্রিশ) বছর। তবে সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে (একই নিয়োগবিধির আওতায় নিয়োগপ্রাপ্ত বা নিয়োজিত) বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। |
| ২. | অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী ও শর্তাবলি:<br>ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://mos.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। |

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৯-১২-২০২১ খ্রি:, সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৭-০১-২০২২ খ্রি:, বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-৩ নং পদের জন্য ১১২/- টাকা এবং ৪-৫ নং পদের জন্য ৫৬/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার **ফি জমা না দেয়া পর্যন্ত** Online**আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না''।**

প্রথম SMS: MOS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOS ABCDEF

*Reply: Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is* ***12345678****. To pay fee Type MOS<Space>Yes <Space> PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: MOS<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOS YES 12345678

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MOS Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mos.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে MOS<space>Help<space>User<space>User ID & Send to 16222

Example: MOS Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে MOS<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: MOS Help PIN 12345678 & send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে **০২-৯৫৪৬২৬১** এই নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৩. আবেদনকারীগণকে লিখিত/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টি.এ/ডিএ প্রদান করা হবে না।

৪. নিয়োগকারী কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস, বৃদ্ধি বা এ নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে তা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫. নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা/বিধি-বিধান অনুসরণ করা হবে। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থার কর্মরত যোগ্য প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬. মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল প্রকার প্রমানপত্র/সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার সন্তান, মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান, এতিম, প্রতিবন্ধী, আনসার ও ভিডিপি এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটের ফটোকপি (সত্যায়িত) দাখিল করতে হবে।

৭. নিয়োগ নীতিমালা অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

(মোঃ গোলাম রাব্বী, পিএএ)
উপসচিব ও সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
নৌপরিবহন মন্ত্রণালয়।